



10 DOWNING STREET
LONDON SW1A 2AA

প্রধানমন্ত্রী

আমি আপনাকে লিখিতভাবে অবহিত করছি যে আমরা করোনাভাইরাসের বিরুদ্ধে আমাদের লড়াইতে কী-কী পদক্ষেপ গ্রহণ করছি।

কেবল অল্প কয়েক সপ্তাহের মধ্যে, এই দেশের দৈনন্দিন জীবনযাপন উল্লেখযোগ্যভাবে পরিবর্তিত হয়ে গেছে। আমরা সবাই শুধুমাত্র নিজেদের উপরেই নয় বরং আমাদের প্রিয়জন এবং আমাদের কমিউনিটিগুলোর উপরে করোনাভাইরাসের মারাত্মক প্রভাব অনুভব করছি।

এই ব্যাঘাত আপনাদের জীবন, ব্যবসা এবং কাজের ক্ষেত্রে যে অসুবিধাগুলোর সৃষ্টি করেছে তা আমি সম্পূর্ণভাবে বুঝতে পারি। কিন্তু আমরা যে পদক্ষেপ গ্রহণ করেছি তা একান্তই প্রয়োজনীয় ছিল, একটি খুবই সাধারণ কারণের জন্য।

যদি অসংখ্য লোক একই সময়ে মারাত্মকভাবে অসুস্থ হয়ে পড়ে, তাহলে এনএইচএস সেই পরিস্থিতিকে সামলাতে সক্ষম হবে না। এতে অনেক লোকের প্রাণহানি হবে। যথাসম্ভব সর্বাধিক জীবন বাঁচানোর জন্য আমাদেরকে অবশ্যই এই রোগের বিস্তারকে কমিয়ে আনতে হবে, এবং হাসপাতালে চিকিৎসা করানোর প্রয়োজন হবে এমন সকল লোকদের সংখ্যা হ্রাস করার চেষ্টা করতে হবে।

এই কারণে আমরা একটি সহজ নির্দেশনা দিচ্ছি - আপনাকে **অবশ্যই** বাসায় থাকতে হবে।

আপনার এমন কোনো বন্ধু বা আত্মীয়দের সঙ্গে দেখা করা উচিত নয় যারা আপনার বাসায় থাকেন না। আপনি শুধুমাত্র খুবই সীমিত উদ্দেশ্যে আপনার বাসার বাইরে যেতে পারেন,

যেমন খাবার এবং ওষুধপত্র কিনতে, দিনে একবার ব্যায়াম করতে এবং চিকিৎসা নিতে। আপনি আপনার বাসা থেকে কাজে আসা-যাওয়া করতে পারেন কিন্তু সম্ভব হলে আপনার নিজের বাসা থেকে কাজ করা উচিত।

যেক্ষেত্রে আপনাকে আপনার বাসা থেকে বের হতেই হয়, সেক্ষেত্রে, যখনই সম্ভব হবে, আপনাকে আপনার পরিবারের সদস্যদের ছাড়া অন্য যে কোনো লোকের কাছ থেকে দুই মিটার দূরে থাকা নিশ্চিত করতে হবে।

এই নিয়মগুলো মেনে চলা অপরিহার্য। তবে, লোকজন এই নিয়মগুলো ভঙ্গ করলে, পুলিশ তাদের জরিমানা ধার্য করবে এবং সমাবেশগুলো ছত্রভঙ্গ করবে।

আমি জানি যে আপনাদের মধ্যে অনেকেই নিজের এবং নিজের পরিবারের উপর এই পরিস্থিতির আর্থিক প্রভাব নিয়ে খুব চিন্তিত রয়েছেন। আপনার দৈনন্দিন চাহিদাগুলো পূর্ণ করতে এবং টেবিলে খাবারের যোগান দিতে সরকারের পক্ষে যা যা করার দরকার হবে সে তাই করবে।

সংযুক্ত লিফলেটে লভ্য সহায়তার বিষয়ে এবং আপনাকে যে নিয়মগুলো মেনে চলতে হবে তা বিশদভাবে বর্ণনা করা হয়েছে। আপনি gov.uk/coronavirus থেকেও সর্বশেষ পরামর্শ পেতে পারেন।

শুরু থেকেই, আমরা সঠিক সময়ে সঠিক পদক্ষেপগুলো গ্রহণ করার চেষ্টা করেছি। যদি বৈজ্ঞানিক এবং মেডিকেল পরামর্শ অনুযায়ী আবশ্যিক হয় তাহলে আমরা আরও বেশি কিছু করতেও দ্বিধা বোধ করব না।

আপনাদেরকে সত্যটা জানানো আমার কাছে গুরুত্বপূর্ণ - আমরা জানি যে পরিস্থিতি ভালো হওয়ার আগে আরও খারাপ হবে। কিন্তু আমরা সঠিক প্রস্তুতিগুলো নিচ্ছি, এবং আমরা সবাই যত বেশি নিয়মগুলোকে মেনে চলবো তত অল্পসংখ্যক লোক প্রাণ হারাবে এবং ততই তাড়াতাড়ি জীবন আবার স্বাভাবিক অবস্থায় ফিরে আসতে পারবে।

যারা এই ভাইরাসটিকে পরাজিত করার জন্য সর্বরকম চেষ্টা চালিয়ে যাচ্ছেন আমি তাদের প্রত্যেককে ধন্যবাদ জানাতে চাই, বিশেষ করে আমাদের অসাধারণ এনএইচএস এবং ইংল্যান্ড, স্কটল্যান্ড, ওয়েলস এবং নর্দার্ন আয়ারল্যান্ড জুড়ে পরিচর্যা খাতের কর্মীদের। এই সংকটকালের চাহিদাগুলোকে পূরণ করার জন্য আমাদের ডাক্তার, নার্স এবং অন্যান্য

পরিচর্যা প্রদানকারীরা যেভাবে সহায়তা করার জন্য মহত্বের সাথে সামনে এগিয়ে এসেছেন তা সত্যিই অনুপ্রেরণামূলক।

হাজার হাজার অবসরপ্রাপ্ত ডাক্তার এবং নার্সরা আবার এনএইচএস-এ কাজ করতে ফিরে আসছেন - আর সবচেয়ে দুর্বল মানুষদের সহায়তা করার জন্য লক্ষ লক্ষ নাগরিকরা স্বেচ্ছাসেবা দিচ্ছেন। এই মহান ব্রিটিশ মানসিকতাকে সঙ্গে নিয়ে আমরা করোনাভাইরাসকে পরাজিত করব এবং আমরা সবাই যৌথভাবে এটিকে পরাজিত করব।

এই কারণে, জাতীয় জরুরি অবস্থার এই মুহূর্তে, আমি আপনাকে অনুরোধ করছি, অনুগ্রহ করে, **বাসায় থাকুন, এনএইচএস-এর রক্ষা করুন এবং জীবন বাঁচান।**

(Boris) Johnson